



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ০৩.০১.২০১৯ খ্রি:

মাননীয় প্রধানমন্ত্রীকে ববি উপাচার্যের অভিনন্দন

সদ্য অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করায় এবং বাংলাদেশ আওয়ামী লীগ এর সভাপতি হিসেবে চতুর্থবারের মত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী পদে আসীন হতে যাওয়ায় বাঙালী জাতির জনক স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সুযোগ্য কন্যা মাদার অব হিউম্যানিটি দেশরত্ন শেখ হাসিনা কে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন বিশিষ্ট শিক্ষাবিদ বিসিএসআইআর এর সাবেক চেয়ারম্যান বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রখ্যাত মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় টানা তৃতীয় মেয়াদে প্রধানমন্ত্রীর দায়িত্বে আসীন হওয়াকে দেশরত্ন শেখ হাসিনার দৃঢ়চেতা মনোভাব, দূরদর্শী নেতৃত্ব এবং যুগোপযোগী উন্নয়ন কর্মকাণ্ডের মাধ্যমে জনগনের পূর্ণ আস্থা অর্জনের বহিঃপ্রকাশ বলে উল্লেখ করেন। দেশের চলমান উন্নয়ন ও অগ্রযাত্রার সফল কাণ্ডারি হিসেবে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কোন বিকল্প নেই। উপাচার্য মহোদয় আশা প্রকাশ করেন মাননীয় প্রধানমন্ত্রীর যোগ্য নেতৃত্বে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মানের মাধ্যমে বাংলাদেশ অচিরেই একটি উন্নত দেশ হিসেবে বিশ্বের বুকে রোল মডেলে পরিণত হবে। একই সাথে মাননীয় প্রধানমন্ত্রীর সাবলীল নেতৃত্বে বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক, জঙ্গীবাদ, সন্ত্রাস, দুর্নীতি ও মাদক মুক্ত রাষ্ট্রে পরিণত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। উপাচার্য মহোদয় মাননীয় প্রধানমন্ত্রী ও তাঁর পরিবারের সু-স্বাস্থ্য ও সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস